

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৯৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬০০]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১: ঘরে নফল সালাত আদায় করার প্রতি উদ্বুদ্ধ করা এবং তার ফযীলত বর্ণনা

باب الْحَثِّ عَلَى الصَّلَاةِ فِي الْبُيُوتِ وَالْفَضْلِ فِي ذَلِكَ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ، قَالَ: حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، قَالَ: حَدَّثَنَا وَهَيْبٌ، قَالَ: سَمِعْتُ مُوسَى بْنَ عُقْبَةَ، قَالَ: سَمِعْتُ أَبَا النَّضْرِ يُحَدِّثُ، عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ، عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، اتَّخَذَ حُجْرَةً فِي الْمَسْجِدِ مِنْ حَصِيرٍ، فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهَا لَيْالِي حَتَّى اجْتَمَعَ إِلَيْهِ النَّاسُ، ثُمَّ فَقَدُوا صَوْتَهُ لَيْلَةً فَظَنُّوا أَنَّهُ نَائِمٌ، فَجَعَلَ بَعْضُهُمْ يَتَنَحَّنُ لِيَخْرُجَ إِلَيْهِمْ، فَقَالَ: مَا زَالَ بِكُمْ الَّذِي رَأَيْتُمْ مِنْ صُنْعِكُمْ حَتَّى خَشِيتُ أَنْ يُكْتَبَ عَلَيْكُمْ، وَلَوْ كُتِبَ عَلَيْكُمْ مَا قُمْتُمْ بِهِ فَصَلُّوا أَيُّهَا النَّاسُ فِي بُيُوتِكُمْ، فَإِنَّ أَفْضَلَ صَلَاةِ الْمَرْءِ فِي بَيْتِهِ إِلَّا الصَّلَاةَ الْمَكْتُوبَةَ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الأذان ٨١ (٧٣١)، الأدب ٧٥ (٦١١٣)، الإعتصام

٣ (٧٢٩٠)، صحيح مسلم/المسافرين ٢٩ (٧٨١)، سنن أبى داود/الصلاة ٢٠٥

(١٠٤٤)، ٣٤٦ (١٤٤٧)، سنن الترمذى/الصلاة ٢١٤ (٤٥٠)، (تحفة الأشراف: ٣٦٩٨)،

موطا امام مالك/الجماعة ١ (٤)، مسند احمد ٥/١٨٢، ١٨٣، ١٨٦، ١٨٧، سنن

الدارمى/الصلاة ٩٦ (١٤٠٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1600 – صحيح

বাংলা

১৫৯৯. আহমাদ ইবনু সুলায়মান (রহ.) যায়দ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) চাটাই দিয়ে

মসজিদে একটি হুজরার মতো বানিয়ে নিলেন। রসূলুল্লাহ (সা.) তাতে কয়েক রাত সালাত আদায় করলেন কিছু লোকও তার সাথে জমা হয়ে গেল। পরে এক রাতে তারা তার কোন সাড়া শব্দ না পেয়ে অনুমান করল যে, তিনি হয়ত ঘুমিয়ে আছেন। তাই কেউ কেউ গলা খাকারি দিতে লাগল, যাতে তিনি তাদের সম্মুখে বেরিয়ে আসেন। তিনি বললেন, আমি তোমাদের কর্মকাণ্ড বরাবর দেখে আসছি। তাতে আমার ভয় হলো যে, তা তোমাদের ওপর ফরযই না করে দেয়া হয়। যদি তা তোমাদের ওপর ফরয করে দেয়া হতো তবে তোমরা তা যথাযথরূপে আদায় করতে পারতে না। অতএব, হে লোক সকল! তোমরা আপন আপন ঘরেই নফল সালাত আদায় করবে, কেননা ফরয সালাত ছাড়া মানুষের অধিক উত্তম সালাত হলো তার ঘরেই আদায়কৃত সালাত।

English

Encouragement to pray in houses and the virtue of doing so

It was narrated from Zaid bin Thabit that : The Prophet (ﷺ) used some palm fiber mats to section off a small area in the masjid. And the Messenger of Allah (ﷺ) prayed in it for several nights until the people gathered around him. Then, one night they did not hear his voice, and they thought that he was sleeping, so they cleared their throats to make him come out to them. He said: 'You kept doing that until I feared that it would be made obligatory for you, and if it were made obligatory, you would not be able to do it. O people, pray in your houses, for the best prayer a person offers is in his house, apart from the prescribed (obligatory) prayers.'

ফুটনোট

সহীহঃ বুখারী ৭২৯০. মুসলিম ৭৮১, ইরওয়াউল গালীল ৪৪৩, আবু দাউদ ১৩০০, তিরমিযী ৬০৪, সহীহ ইবনু খুযায়মাহ ১২০১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90095>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন